12

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ১ ...

বয়স্ক শিক্ষা সম্পর্কিত আন্তর্জাতিক সেমিনারে

# নিরক্ষরতা দূরীকরণে প্রয়োজন সমন্বিত প্রয়াস

বাসস ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরক্ষরতা দূর করার লক্ষ্যে সমন্বিত প্রচেষ্টা গ্রহণের জন্য বিশ্বসম্প্রদায়ের প্রতি আহ্বান জানাইয়াছেন। তিনি বলেন, বিশ্ব পরিবারে বৈষম্যের অন্যতম কারণ নিরক্ষরতা। তিনি বয়স্ক শিক্ষা সম্পর্কিত পঞ্চম আন্তর্জাতিক সম্মেলনে মূল প্রবন্ধ পাঠ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বুদ্ধিবৃত্তি ও ধারণার এই নূতন যুগে জনগণের জন্য শিক্ষা নিশ্চিত করিতে হইবে। তিনি বলেন, নিরক্ষরতা দূর করার জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে সহযোগিতা কাঠামো গড়িয়া তুলিতে হইবে। আগামী শতকের চ্যালেঞ্জ মোকাবেলা এবং সুযোগের সদ্ব্যবহারের জন্য আমাদের পরিবেশ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

গড়িয়া তুলিতে হইবে।

তিনি নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্তিলাভের জন্য ৮ দফা দাবী পেশ করেন। তিনি সামাজিক সচেতনতা গড়িয়া তোলার আহ্বান জানান।

তিনি বয়স্ক শিক্ষার ক্ষেত্রে যে সকল দেশ সাফল্য অর্জন করিয়াছে তাহাদের সহযোগিতা এবং সরকার ও বেসরকারী সংস্থার যৌথ উদ্যোগে নিরক্ষরতার বিরুদ্ধে আন্দোলনকে সংহত করার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন।

পাঁচদিনব্যাপী সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিপুল করতালির মাধ্যমে স্বাগত জানানো হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, জার্মান প্রেসিডেন্ট রোমান হারজগ, ইউনেস্কোর মহাপরিচালক ফেডেরিকো মেয়র ও হামবুর্গের প্রথম মেয়র ডঃ হেনিং ভসচার্ন ভাষণ দেন। জার্মান স্পীকার রিতা সুসমাথ সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্পদ ও ধারণার পারস্পরিক সমঝোতায় অংশীদার হইয়া আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষা সংযুক্ত করার পরামর্শ দেন। তিনি ব্যবহারিক শিক্ষা দক্ষতা উন্নয়ন, আয়বৃদ্ধি কর্মকাণ্ড এবং ক্ষুদ্র উদ্যোগকে অব্যাহত শিক্ষা কর্মসূচীর সাথে সংযুক্ত করার গুরুত্বের উপর জোর দেন। তিনি বলেন, বয়স্ক শিক্ষা অব্যাহত শিক্ষা এবং আধুনিক শিল্পায়িত সমাজের সকল দিক রক্ষা করে। শেখ হাসিনা বলেন, ইহা সার্বজনীন স্বীকৃত যে, অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক উন্নয়নের প্রথম উপাদান মৌলিক শিক্ষা। তিনি বলেন, স্বাস্থ্য, সমাজকল্যাণ, গণতন্ত্র বিকাশ ও পরিবেশ সংরক্ষণেও শিক্ষা জড়িত। তিনি বলেন, সাম্প্রতিক এক জরিপে দেখা গিয়াছে যে, মাত্র চার বছরের শিক্ষাপ্রাপ্ত একজন কৃষক একজন নিরক্ষর কৃষকের চাইতে শতকরা ৯ ভাগ বেশী উৎপাদন করিতে সক্ষম হইয়াছে। শেখ হাসিনা প্রথম বয়স্ক শিক্ষা সম্মেলনের কথা উল্লেখ করিয়া বলেন, ৫০ বছর পূর্বে অনুষ্ঠিত ঐ সম্মেলনে বয়স্ক শিক্ষার জন্য আন্তর্জাতিক সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করা হইয়াছিল।

তিনি বলেন, দক্ষিণ এশিয়ায় শিক্ষার হার শতকরা ৪৮ ভাগ। উন্নয়নশীল দেশে এই হার শতকরা ৭৭ ভাগ। তিনি বলেন, দক্ষিণ এশিয়ায় বহু শিশু স্কুলের বাইরে থাকে। তিনি বলেন, পূর্ব এশিয়ায় শিক্ষার হার বৃদ্ধি পাইয়া ৯৬ ভাগে দাঁড়াইয়াছে। তিনি বলেন, বাংলাদেশে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সকল শিশুর জন্য বিনাবেতনে বাধ্যতামূলক শিক্ষা-ব্যবস্থা চালু করিয়াছিলেন। বঙ্গবন্ধু শিক্ষা ব্যবস্থায় আরও যুগান্তকারী বহু পদক্ষেপ গ্রহণ করিয়াছিলেন। তিনি বলেন, তাঁহার সরকার দারিদ্র্য দূরীকরণে সকল ক্ষেত্রে শিক্ষাকেই গুরুত্ব দিয়াছেন।